ডিজিটাল পরিমণ্ডলের সম্ভাব্য ঝুঁকি এবং ঝুঁকি থেকে রক্ষা পাবার উপায়

Digital Literacy Center

তোরা খেয়ে ফেল আমার একটু দেরী হবে।
আপু মা খেতে ডাকছে। জলদি আসো।

পরে বলবো একটু ঝামেলা হয়েছে
কেন? আবার কী হলো তোমার?

না জেনে বুঝে সারাদিন ডিজিটাল দুনিয়ায় পড়ে থাকলে ঝামেলা তো হবেই।


সবসময় পাকামো! কী কী জানতে হয় শুনি?
শোনো ,আপু জানতে হবে ডিজিটাল পরিমণ্ডলে কেন ঝামেলা হয়,
কী কী ঝুঁকি আছে এবং আমরা কীভাবে এই ঝুঁকিগুলো থেকে রক্ষা পেতে পারি সেই উপায়গুলো।


তাই নাকি? তা কী কী ঝুঁকি রয়েছে ম্যাডাম?
বলছি শোনো আপু,
তুমি সাইবার বুলিং-এর শিকার হতে পারো। তোমার তথ্যের গোপনীয়তা নষ্ট হতে পারে।
তুমি পরিচয় নকলকারীর মাধ্যমে প্রতারণার শিকার হতে পারো।
অপরিচিতদের কাছে ব্যক্তিগত তথ্য, আপত্তিকর ছবি, ভিডিও চলে যেতে পারে। হ্যাকিং ও ফিশিং হতে পারে।
ম্যালওয়্যার বা ক্ষতিকর সফটওয়্যার প্রবেশ করে ডিভাইসের স্বাভাবিক কাজ বাঁধাগ্রস্ত করা,
গোপনে তথ্য সংগ্রহ করা বা নেটওয়ার্কে অবৈধ অনুপ্রবেশ করা, ইত্যাদি সমস্যার সম্মুখীন হতে পারো তুমি।


হ্যাঁ এগুলোই তো ঘটছে। কিন্তু তাহলে এসব থেকে রক্ষা পাবো কীভাবে?
এসব ঝুঁকি এবং এর ক্ষতিকর প্রভাব থেকে রক্ষা পাবার উপায়সমূহ জানা, অনুসরণ করা ও সচেতন হওয়া প্রয়োজন।


উপায়গুলো একটু বলনা প্লিজ।
শোনো, ইন্টারনেটের ক্ষতিগুলো সম্পর্কে অবগত হতে হবে।
নিজের ব্যক্তিগত তথ্যসমূহের প্রতি যত্নবান হতে হবে।
অপরিচিত ব্যক্তিদের সাথে অনলাইনে যোগাযোগের ক্ষেত্রে সাবধানতা অবলম্বন করতে হবে।
ফিশিং থেকে বাঁচতে ইমেইল কিংবা মেসেজে প্রাপ্ত সন্দেহজনক লিঙ্কসমূহে প্রবেশ করা যাবে না।
একটি Unique পাসওয়ার্ড এর সাহায্যে অ্যাকাউন্ট নিরাপদ রাখতে হবে। ভালো হয় Two factor authentication ব্যবস্থা সক্রিয় রাখলে।
এগুলো মনে থাকবে?

থাকবে, তারপর?
তারপর হলো,
ইন্টারনেটে কেনাকাটা করলে কেবলমাত্র নিরাপদ এবং স্বীকৃত মাধ্যমগুলো থেকে কেনাকাটা করতে হবে।
ব্যক্তিগত অ্যাকাউন্টগুলোর জন্য 'প্রাইভেসি সেটিংস তথা নিরাপত্তা নিশ্চিতকরণ প্রক্রিয়াসমূহ' চালু রাখতে হবে।
'পুনরুদ্ধার (রিকভারি) ইমেইল/মোবাইল নম্বর' সংযুক্ত করতে হবে।
ম্যালওয়ার/র‍্যানসমওয়ার ইত্যাদির ক্ষতি থেকে বাঁচতে নিয়মিত তথ্য সংরক্ষণ (ডেটা ব্যাক-আপ) করতে হবে।
কোনো তথ্য, ফাইল কিংবা নতুন আপডেট ডাউনলোডের ক্ষেত্রে সাবধানতা অবলম্বন করতে হবে।
ডিভাইসের সুরক্ষায় আপডেটেড অ্যান্টিভাইরাস সফটওয়্যার ব্যবহার করতে হবে।
আপাতত এগুলো মেনে চললেই হবে।

বাহ! তোকে অনেক ধন্যবাদ।
ধন্যবাদ দিতে হবে না। খেতে চলো সবাই বসে আছে।

হ্যাঁ হ্যাঁ চল আগে খেয়ে আসি।